# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নিজের হক ও সুবিধা আদায় করতে যদি ঘুস দিতে হয়, তাহলে কি ঘুস দাতারও পাপ হবে?

স্বেচ্ছায় কোন কাজে ঘুস দেওয়া হারাম। ‘আল্লাহর রাসুল (সঃ) ঘুসখোর, ঘুসদাতা (উভয়কেই) অভিশাপ করেছেন।’ (আবু দাউদ ৩৫৮০, তিরমিজি ১৩৩৭, ইবনে মাজাহ ২৩১৩, ইবনে হিব্বান, হাকেম ৪/১০২-১০৩, সহি আবু দাউদ ৩০৫৫ নং) অবশ্য নিজের অধিকার আদায় করতে গিয়ে যদি কেউ ঘুস দিতে বাধ্য হয়, তাহলে ঘুস দাতা পাপী হবে না পাপী হবে ঘুস গ্রহীতা। পক্ষান্তরে যাতে তার অধিকার নেই তা আদায় করার জন্য অথবা হককে বাতিল আর বাতিলকে হক করার জন্য ঘুস নেওয়া হারাম। (ইবনে উসাইমিন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2248

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন